

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

নথি নং-৪(১)শুল্ক-৪/৯৩/৩৩২-৩৪০

তারিখ-১০/০৩/৯৯ইং।

আদেশ

বিষয় : ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজের মালামাল ধ্বংসকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, এখন থেকে ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজ সমূহের মালামাল ধ্বংসকরণ বিষয়ে নিম্নলিখিত ব্যবস্থা চালু করতে হবেঃ-

- (ক) দায়িত্ব প্রাপ্ত শুল্ক কর্মকর্তা প্রতিমাসে সংশ্লিষ্ট ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজে নষ্ট হয়ে যাওয়া মালামালের তালিকা প্রনয়ন করে সংশ্লিষ্ট কমিশনারকে অবহিত করবেন;
- (খ) একজন কর্মকর্তা বদলী হলে পরবর্তী কর্মকর্তাকে দায়িত্ব হস্তান্তরের পূর্বে আবশ্যিকভাবে উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ গ্রহণ করে নষ্ট হয়ে যাওয়া মালামাল যথানিয়মে ধ্বংস করবেন এবং দায়িত্ব হস্তান্তর পত্রে এ মর্মে নতুন কর্মকর্তা বুঝে নেবেন যে তার দায়িত্ব গ্রহণের পূর্বেকার কোন নষ্ট হয়ে যাওয়া মালামাল নেই। দায়িত্ব হস্তান্তরকারী কর্মকর্তা এই প্রত্যয়ন পত্র গ্রহণ করে ফটোকপি সংশ্লিষ্ট কমিশনারের দপ্তরে জমা দেবেন এবং নিজে মূল কপিটি রেকর্ড হিসাবে সংরক্ষণ করবেন;
- (গ) প্রত্যেক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউসে একটি রেজিস্টার রাখা হবে, যাতে নষ্ট হয়ে যাওয়া মালামাল দৈনিক ভিত্তিতে এন্ট্রি করা হবে এবং ভারপ্রাপ্ত শুল্ক কর্মকর্তা কর্তৃক দিনের শেষে স্বাক্ষরিত হবে। উর্ধ্বতন/ পরিদর্শনকারী কর্মকর্তাগণ নিয়মিতভাবে এই রেজিস্টার যাচাই করবেন এবং পরিদর্শনের তারিখসহ পরিস্কারভাবে নাম ও পদবী লিখে স্বাক্ষর করবেন। এই রেজিস্টার কোন সময় ওয়্যারহাউসের বাইরে নেয়া যাবে না। এবং সকল এন্ট্রি [পণ্যের বিবরণ ও পরিমাণ (সংখ্যায় ও অক্ষরে)] পরিচছন্নভাবে সতর্কতার সংগে লিখতে হবে। কাটাকাটি কিংবা Overwriting থাকলে ভারপ্রাপ্ত কর্মকর্তার অসদাচরণ হিসাবে গণ্য করে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ঘ) উপরের অনুচ্ছেদে বর্ণিত রেজিস্টারটির প্রথম পৃষ্ঠায় মোট পৃষ্ঠার সংখ্যা উল্লেখ করে সংশ্লিষ্ট সহকারী কমিশনার স্বাক্ষর করবেন এবং উহা শুল্ক কর্মকর্তার সার্বক্ষনিক হেফাজতে থাকবে এবং বন্ডের কোন কর্মচারী বা বন্ড মালিক এতে কোন কিছু লিখতে পারবেন না।
- (ঙ) উল্লেখিত রেজিস্টার ১৪-০৩-৯৯ ইং তারিখ থেকে সকল ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউজে আবশ্যিকভাবে চালু করে নিম্ন-স্বাক্ষরকারীকে লিখিতভাবে অবহিত করতে হবে।

স্বাক্ষরিত/-

(শাহনাজ পারভীন)

দ্বিতীয় সচিব (শুল্কঃরপ্তানী ও বন্ড)